বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুজিব শতবর্ষ MUJIB 100

Embassy of Bangladesh

প্রেস রিলিজ

কাঠমান্ডুতে অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

কাঠমান্ডু, ২১ ফেব্রুয়ারী ২০২২: কাঠমান্ডুস্থ বাংলাদেশ দূতাবাস ২১ ফেব্রুয়ারী ২০২২ তারিখে মহান শহিদ দিবস (অমর একুশে) ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন করে।

দূতাবাস প্রাঙ্গনে রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী-এর কর্তৃক জাতীয় পতাকা আনুষ্ঠানিকভাবে উত্তোলন ও অর্ধনমিতকরণের মধ্য দিয়ে দিবসের কর্মসূচীর সূচনা করা হয়। এরপর ভাষা শহিদ সহ সকল শহিদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার এবং বাংলা ভাষার জন্য ও দেশের জন্য আত্মত্যাগকারী সকল শহিদদের রুহের মাগফেরাত এবং দেশের শান্তি, মঙ্গল ও উন্নয়নের জন্য বিশেষ প্রার্থনা করা হয়। রাষ্ট্রদূত এবং দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী ও পরিবারের সদস্যবৃন্দ, কাঠমান্ডুতে বসবাসকারী প্রবাসী বাংলাদেশ কমিউনিটির সদস্যগণ, নেপাল-বাংলাদেশ চেম্বার অব কমার্সের সভাপতি এবং নেপাল-বাংলাদেশ ফ্রেন্ডশিপ এ্যাসোসিয়েশনের সভাপতি সহ উপস্থিত সকল অতিথিবৃন্দ দূতাবাস প্রাঙ্গনে প্রভাত ফেরীতে অংশগ্রহণ করেন এবং শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন ।

দিবসটি উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় একটি প্রামাণ্য চিত্র প্রদর্শন এবং মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণীসমূহ পাঠ করা হয়। আলোচনা অনুষ্ঠানে দূতাবাসের কর্মকর্তাবৃন্দ ছাড়াও নেপাল-বাংলাদেশ ফ্রেন্ডশিপ এ্যাসোসিয়েশনের সভাপতি দিন দয়া রিজাল ও নেপালে বাংলাদেশ কমিউনিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। আলোচনাকালে বাংলাদেশী ও নেপালি বক্তাগণ ভাষা আন্দোলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং সকল ভাষা শহিদদের অসামান্য অবদান ও আত্মত্যাগ গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। বক্তাগণ উল্লেখ করেন যে, বাংলা ভাষা আন্দোলন শুধুমাত্র বাংলাভাষাকেই নয়, বরং অন্যান্য সকল ভাষাকেই সমুন্নত করার বিষয়ে মহান ভূমিকা রেখেছে। রাষ্ট্রদূত তাঁর সমাপনী বক্তব্যে ভাষা আন্দোলনকে বাঙ্গালি জাতিসত্তার ও বাঙ্গালির সকল স্বাধিকার আন্দোলনের উৎস অভিহিত করে স্বাধীন বাংলাদেশের প্রতিষ্ঠায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ভাষা শহিদগণ সহ সকল মুক্তিযোদ্ধাদের অবদানের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। তিনি প্রবাসী বাংলাদেশীদেরকে তাঁদের সন্তানদেরকে প্রমিত বাংলা শেখার পাশাপাশি বিশ্বের অন্যান্য ভাষা শিক্ষণে উৎসাহিত করার জন্য আহ্বান জানান। রাষ্ট্রদূত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ভাষা সহ বিভিন্ন বিলুপ্ত প্রায় ভাষা সংরক্ষণে বাংলাদেশ সরকারের উদ্যোগের বিষয়ে উপস্থিত সকলকে অবহিত করেন।

******

Embassy of Bangladesh Kathmandu

Basundhara-3, Chakrapath, Kathmandu, Nepal
Telephone: +977-1-4390130 / 4390131, Fax: +977-1-4390132, Email: mission.kathmandu@mofa.gov.bd

বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুজিব শতবর্ষ MUJIB 100

Embassy of Bangladesh

Press Release

Bangladesh Embassy in Kathmandu observes Shaheed Dibosh (Language Martyrs' Day) and International Mother Language Day

21 February 2022, Kathmandu, Nepal: Bangladesh Embassy in Kathmandu observed the Shaheed Dibosh (Language Martyrs' Day), Amar Ekushey and International Mother Language Day on Monday, 21 February 2022 with due solemnity and respect. The day began with the hoisting of the national flag at half-mast in the Embassy premises by Ambassador Salahuddin Noman Chowdhury.

In the discussion session organized on the significance of the day, messages given by Hon'ble President, Hon'ble Prime Minister, Hon'ble Foreign Minister and Hon'ble State Minister for Foreign Affairs were read out and a documentary was screened. The speakers paid deep tribute to the memory of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman for his contribution to the language movement which laid the foundation for freedom struggle for the Bangalees. They highlighted that the language movement not only helped establish Bangla as the state language of an independent country but also contributed to promoting and protecting other languages in the world.

In his remarks, Ambassador Chowdhury paid deep homage to the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, all language martyrs and all the freedom fighters and martyrs of the war of liberation. He underscored the need for encouraging the new generation to learn Bangla along with other languages to make the best use of education. The Ambassador informed the participants about the initiatives of the Government of Bangladesh for the preservation and protection of the tribal languages which are faced with threats of extinction.

Earlier, special prayers were offered for the salvation of the departed soul of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, his martyred family members, all language martyrs, all the valiant freedom fighters and martyrs of the glorious war of liberation and for the peace and prosperity of Bangladesh. A rally paying homage to the language martyrs was arranged at the Embassy premises with participation of the Embassy officials including families and members of the Bangladesh community. Mr. Din Daya Rijal, President of Nepal-Bangladesh Friendship Association (NBFA) and Mr. L.B. Shrestha, President of Nepal-Bangladesh Chambers of Commerce & Industry (NBCCI) took part in the rally and the discussion programme.

****

Embassy of Bangladesh Kathmandu

Basundhara-3, Chakrapath, Kathmandu, Nepal
Telephone: +977-1-4390130 / 4390131, Fax: +977-1-4390132, Email: mission.kathmandu@mofa.gov.bd